গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
১৪৫, মনিপুরী পাড়া, তেজগাঁও, ঢাকা
www.jdpc.gov.bd

# ১.১ বহুমুখী পাটপণ্যের মেলা আয়োজন

**(২০২৪-২০২৫ অর্থবছর)**

## বহুমুখী পাটপণ্যের একক মেলা

| ক্র.নং | মেলার নাম | স্থান | সময়কাল | উদ্যোক্তার সংখ্যা |
|---|---|---|---|---|
| ০১। | বহুমুখী পাটপণ্যের মেলা আয়োজন | জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার প্রাঙ্গণ, ঢাকা | ১২-১৭ ডিসেম্বর, ২০২৫ | ৩৩ জন |

০৬/১/২৫
মোঃ মোজাহিদুল ইসলাম
মনিটরিং এন্ড এক্সটেনশন এক্সিকিউটিভ
জেডিপিসি, বস্ত্র ও পাটমন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

06.01.2025
Seema Bose Adhara
Director (MRP), JDPC
Ministry of Textiles & Jute
Govt. of the People's Republic of Bangladesh

06/01/2025
ZINAT ARA
Additional Secretary &
Executive Director (Add. Charge)
Jute Diversification Promotion Centre
Ministry of Textiles & Jute
Govt. of the People's Republic of Bangladesh

পরিচালক (পিএমআই)
পরিচালক (এমআরসি)
পরিচালক (ফ্যাশন ও ডিজাইন)
নির্বাহী পরিচালক
ডায়েরি নং ১১২২ তারিখ ২৪/১২/২০২৪
সময়: ০২.৫৫

# বিজয়ের মাস উপলক্ষ্য
# বহুমুখী পাটপণ্যের মেলা ও প্রদর্শনী প্রতিবেদন



*মেলার সময়কাল: ১২-১৭ ডিসেম্বর ২০২৪*

*স্থান: জেডিপিসি প্রাঙ্গণ*

---

জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার (জেডিপিসি)
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
১৪৬৫, মনিপুরী পাড়া, তেজগাঁও, ঢাকা

# বহুমুখী পাটপণ্যের মেলা ও প্রদর্শনী

## ভূমিকা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বস্ত্র ও পাট মন্ত্রণালয়াধীন 'জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার' (জেডিপিসি)'র উদ্যোগে বাংলাদেশের ঐতিহ্যবাহী সোনালী আঁশের তৈরী বহুমুখী পাটপণ্যের ০৬ দিনব্যাপী বিজয়ের মাস উপলক্ষে বহুমুখী পাটপণ্যের একক মেলা ও প্রদর্শনী গত ১২-১৭ ডিসেম্বর ২০২৪ সময়ে জেডিপিসি প্রাঙ্গণে অনুষ্ঠিত হয়। দেশের বিভিন্ন জেলা থেকে আগত ৩৪ জন বহুমুখী পাটপণ্য উৎপাদনকারী উদ্যোক্তা পরিবেশবান্ধব নতুন নতুন ডিজাইন সমৃদ্ধ ও আকর্ষণীয় পাটের তৈরি কাগজ, অফিস আইটেম, বিভিন্ন প্রকার ব্যাগ, পাটের সুতা, নার্সারী আইটেম, হোম টেক্সটাইল, পরিধেয় বস্ত্র এবং বিভিন্ন ধরণের শোপিসসহ গৃহস্থালী কাজে ব্যবহারযোগ্য বাহারী পণ্যের পসরা নিয়ে এ মেলায় অংশগ্রহণ করে। বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের **মাননীয় উপদেষ্টা জনাব শেখ বশিরউদ্দিন** প্রধান অতিথি হিসেবে মেলার শুভ উদ্বোধন করেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের **সম্মানিত সচিব জনাব মোঃ আব্দুর রউফ**।

মেলায় প্রচুর লোক সমাগম হয়। তারা বহুমুখী পাটপণ্যের বিপুল সমাহার দেখে মুগ্ধ হন এবং উচ্চমূল্য সংযোজিত হরেক রকম পাটপণ্য সংগ্রহ করেন। পাট ও পাটজাত সামগ্রী দিয়ে তৈরী সুন্দর সুন্দর পণ্য মেলায় পূর্বধারণাকে সম্পূর্ণরূপে পাল্টে দেয়। মেলায় আগত নতুন প্রজন্মের ছেলে মেয়েদের মধ্যে সোনলী আঁশ পাট থেকে তৈরী বহুমুখী পাটপণ্য সামগ্রীর ব্যাপারে ব্যাপক আগ্রহ পরিলক্ষিত হয় আগমনকারীদের।

### বহুমুখী পাটপণ্যের একক মেলা ও প্রদর্শনী উদ্দেশ্য

- বহুমুখী পাটপণ্যের একক মেলায় আগত দর্শনার্থীদের নিকট বাংলাদেশের সোনালী আঁশ পাট দিয়ে উৎপাদিত বহুমুখী পাটপণ্য সামগ্রী উপস্থাপন করা এবং উচ্চমূল্য সংযোজিত বহুমুখী পাটপণ্যের প্রতি ক্রেতাদের আগ্রহ সৃষ্টি করা;
- মেলার অন্যতম লক্ষ্য ছিল উদ্যোক্তাদেরকে বিপণনে সহায়তা করা এবং ক্রেতাদের কাছে তাঁদের উৎপাদিত পণ্যের সমাহার উপস্থাপন এবং একে অপরকে ভালভাবে জানা ও সম্পর্ক স্থাপনে/সেতু বন্ধনে সহায়তা করা;
- বহুমুখী পাটপণ্যের প্রচার, প্রসার এবং ব্যবহার বৃদ্ধির জন্য দেশের পাটপণ্যের পরিচিতি তৃণমূল পর্যায়ে ছড়িয়ে দেয়া;
- উদ্যোক্তাদের নিজেদের বহুমুখী পাটপণ্য সামগ্রীর গুনগত মান সম্পর্কে পরস্পরের মধ্যে আলাপ আলোচনার মাধ্যমে পাটপণ্যের গুনগত মান কিভাবে আরও উন্নত করা যায়, তার সুযোগ তৈরী করে দেয়া;
- ক্ষুদ্র ক্ষুদ্র প্রতিষ্ঠানসমূহের মালামাল বিপণনে সহায়তা এবং তাদের উৎপাদন ক্ষমতা বিক্রয়ের পরিমান বাড়ানো;
- বহুমুখী পাটপন্য সামগ্রীর বাজার সৃষ্টিতে সহায়তা করা এবং মেলায় আগত দর্শনার্থীরা যাতে সহজেই মেলায় তাঁদের পছন্দের সামগ্রী সংগ্রহ করতে পারেন সে ব্যবস্থা করে দেয়া:
- উচ্চমূল্য সংযোজিত বহুমুখী পাটপণ্যের গুনগত পরিবর্তন ও প্রযুক্তিগত উন্নয়ন এবং এর মাধ্যমে ক্রেতাদের, বিশেষ করে নতুন প্রজন্মের কাছে সুন্দরভাবে উপস্থাপন করাও ছিল এ মেলা আয়োজনের অন্যতম উদ্দেশ্য।


## আয়োজন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বস্ত্র ও পাট মন্ত্রণালয়াধীন 'জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার' (জেডিপিসি)'র উদ্যোগে বাংলাদেশের ঐতিহ্যবাহী সোনালী আঁশের তৈরী বহুমুখী পাটপণ্যের ০৬ দিনব্যাপী বহুমুখী পাটপণ্যের একক মেলা ও প্রদর্শনী গত ১২-১৭ ডিসেম্বর ২০২৪ সময়ে জেডিপিসি প্রাঙ্গণে অনুষ্ঠিত হয়। দেশের বিভিন্ন জেলা থেকে আগত ৩৪ জন বহুমুখী পাটপণ্য উৎপাদনকারী উদ্যোক্তা পরিবেশবান্ধব নতুন নতুন ডিজাইন সমৃদ্ধ ও আর্কষণীয় পাটের তৈরী কাগজ, অফিস আইটেম, বিভিন্ন প্রকার ব্যাগ, পাটের সুতা, নার্সারী আইটেম, হোম টেক্সটাইল, পরিধেয় বস্ত্র এবং বিভিন্ন ধরণের সোপিসসহ গৃহস্থালী কাজে ব্যবহারযোগ্য বাহারী পণ্যের পসরা নিয়ে এ মেলায় অংশগ্রহণ করে।







## উদ্বোধনী অনুষ্ঠান

গত ১২ ডিসেম্বর ২০২৪ তারিখে বহুমুখী পাটপণ্যের একক মেলা ও প্রদর্শনী শুভ উদ্বোধন করেন বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের **মাননীয় উপদেষ্টা জনাব শেখ বশিরউদ্দিন** । অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের **সম্মানিত সচিব জনাব মোঃ আব্দুর রউফ**। উদ্বোধন শেষে মাননীয় প্রধান অতিথি, সভাপতি ও সুধীগণ মেলার প্রতিটি স্টল পরিদর্শন করেন।








## মেলা পরিদর্শন

বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের **মাননীয় উপদেষ্টা জনাব শেখ বশিরউদ্দিন** ১২-১৭ ডিসেম্বর ২০২৪ তারিখ বহুমুখী পাটপণ্যের একক মেলা ও প্রদর্শনী উদ্বোধন শেষে মেলায় স্থাপিত বিভিন্ন স্টল পরিদর্শন করেন এবং প্রদর্শিত পাটপণ্যের ভূয়সী প্রসংশা করেন । তিনি বলেন, বহুমুখী পাটপণ্যেই পারবে পাটের সোনালী দিন ফেরাতে। তাই  তিনি বহুমুখী পাটপণ্যের প্রচার প্রসার ও ব্যবহার বৃদ্ধির তাগিদ এবং এ ক্ষেত্রে তার পক্ষ থেকে সকল ধরণের সহায়তার আশ্বাস প্রদান করেন।







মেলায় অংশগ্রহণকারী উদ্যোক্তার তালিকা

বিজয়ের মাস উপলক্ষে জেডিপিসি প্রাঙ্গনে ১২-১৭ ডিসেম্বর ২০২৪ তারিখে অনুষ্ঠিত বহুমুখী পাটপণ্যের একক মেলা ও প্রদর্শনী অংশগ্রহনকারী উদ্যোক্তার তালিকাঃ

| স্টল নং | প্রতিষ্ঠান ও উদ্যোক্তার নাম | স্টল নং | প্রতিষ্ঠান ও উদ্যোক্তার নাম |
|---|---|---|---|
| ১ | অয়েস্টার ক্রাফট<br>মোছাঃ ফতেমাতুজ্জহরা | ১৮ | ক্রাফটস এন ক্রাফটস<br>জনাব মোহাম্মদ ওয়াছিউর রহমান |
| ২ | রাফিহা ফ্যাশন হাউজ<br>জনাব লুৎফুনেছা | ১৯ | জুটেক্স<br>জনাব আবু আহমেদ আখতারুজ্জামান |
| ৩ | হলি ক্রাফটস এন্ড ফ্যাশন<br>জনাব মোঃ কামাল হোসেন | ২০ | এস কে ট্রেড ইন্টারন্যাশনাল<br>জনাব নিগার সুলতানা |
| ৪ | হোয়াট নট<br>জনাব শারমিন সুলতানা | ২১ | আর্টেক্স কো.<br>জনাব আনজাবিন হাসান |
| ৫ | ইন্সপায়ার জুটেক্স<br>জনাব মোঃ মেহেদী হাসান | ২২ | হানিন ক্রাফট<br>মিসেস মাকসুদা বেগম |
| ৬ | চয়নিকা<br>জনাব মোঃ মুছা তালুকদার | ২৩ | জননী জুট প্রডাক্টস<br>মোছাঃ হাজেরা বেগম |
| ৭ | রুপালী কুটির শিল্প<br>জনাব আকলিমা আখতার শিউলী | ২৪ | সোনালী উঠোন<br>জানাব আবদি সুলতানা জেসমিন |
| ৮ | জুট ব্র্যান্ড<br>জনাব মোঃ সোহেল রানা | ২৫ | প্রকৃতি<br>জনাব স্বপন কুমার দাস |
| ৯ | জুট ফিউশন<br>জনাব কানিজ সুলতানা | ২৬ | ইকো সোর্স বাংলাদেশ<br>জনাব আবজাল হোসেন |
| ১০ | নতুন প্রজন্ম উদ্যোক্তা উন্নয়ন ফাউন্ডেশন<br>মিসেস সাগুফতা সুলতানা | ২৭ | দি ক্রাফটস কনসেপ্ট<br>জনাব সারাবান তহরা |
| ১১ | রাফি এন্টারপ্রাইজ<br>জনাব মমিনি মিয়া | ২৮ | সিদ্দিকী'স গ্রীন টেকনোলজি<br>জনাব মোস্তাক আহম্মেদ সিদ্দিকী |
| ১২ | এলিট জুট প্রোডাক্টস<br>জানাব মোঃ ইয়াছিন খান | ২৯ | আলিফ ইন্টারনাশনাল ফেব্রিক্স এন্ড জুট প্রোডাক্ট<br>মিসেস মোমেনা সুলতানা |
| ১৩ | ফাইন ফেয়ার ক্রাফট<br>মোছাঃ শাহানা বেগম | ৩০ | রাইজেল এন্টারপ্রাইজ<br>জনাব রিফাত সুলতানা |
| ১৪ | এ গ্রে হ্যান্ডিক্রাফট<br>জনাব মোঃ আশরাফুল আলম | ৩১ | ইজমা ব্র্যান্ড<br>জনাব মোঃ সালমান ফারসি |
| ১৫ | বেনী বুনন<br>জনাব শাহেদুল ইসলাম (হেলাল) | ৩২ | অলকানন্দা<br>জনাব ইমা মন্ডল |
| ১৬ | ইকোনমিক মিউচুয়াল অর্গানাইজেশন (ইমো)<br>জনাব শিউলী রানী বিশ্বাস | ৩৩ | এস পি হ্যান্ডিক্রাফটস<br>জনাব সোনিয়া আক্তার পুষ্প |
| ১৭ | আলেয়া জুট প্রেডাক্টস এন্ড হ্যান্ডিক্রাফটস<br>মিসেস আলেয়া বেগম | | |

## মেলায় বিক্রয়ের চিত্র

মেলায় সার্বক্ষণিক দায়িত্বে নিয়োজিত থাকা জেডিপিসি'র কর্মকর্তা-কর্মচারীগণ মেলায় বিকিকিনি সম্পর্কে ধারণা লাভের জন্য উদ্যোক্তাদের প্রতিদিনের বিক্রয়ের হিসাব সংগ্রহ করেন। উদ্যোক্তাদের প্রদত্ত তথ্যানুসারে মেলায় মোট বিক্রীর পরিমাণ আনুমানিক ১৩,২০,৮৮২ (তের লক্ষ বিশ হাজার আট শাত তিরাশি) টাকা। এর বাইরে উদ্যোক্তাদের মধ্য থেকে ৯ জন উদ্যোক্তা প্রায় ২৮,৩৯,০০০ (আটাশ লক্ষ উনচল্লিশ হাজার) টাকর অর্ডার লাভ করেন।

সামগ্রিক পর্যালোচনায় দেখা যায় যে, বহুমুখী পাটপণ্য সামগ্রীর মধ্যে বিভিন্ন ধরনের শপিং ব্যাগ, লেডিস ব্যাগ, অফিস ব্যাগ, ফ্যাশনেবল ব্যাগ এর ব্যাপক চাহিদা পরিলক্ষিত হয়। বিভিন্ন বয়সী নারীদের কাছে লেডিস ব্যাগ এবং ফ্যাশনেবল ব্যাগের ব্যাপক চাহিদার পাশাপাশি স্কুল কলেজের ছাত্র/ছাত্রীদের মাঝে স্কুল এবং কলেজ ব্যাগের ব্যাপক চাহিদা বহুমুখী পাটপণ্যের সাথে সম্পৃক্ত উদ্যোক্তাবৃন্দের মধ্যে এ ধরণের পণ্যসামগ্রী উৎপাদন উন্নয়নে ব্যাপক আগ্রহ সৃষ্টি করেছে। এ বছরও বেশ কিছু নতুন নতুন বহুমুখী পাটপণ্য সামগ্রী মেলায় উঠে আসে। তার মধ্যে উল্লেখযোগ্য হচ্ছে- ক্যাপ, চুড়ি, পাটের নোট বুক, ব্রেসলেট, মোবাইল ব্যাগ, ল্যাপটপ ব্যাগ ইত্যাদি।

## মেলার সুপারিশ

ক) মাসের প্রথম সপ্তাহের মধ্যে মেলা আয়োজন করা;

খ) মেলায় স্কুল, কলেজ ও মাদ্রাসাকে সম্পৃক্ত করা;

গ) মেলার সকলে প্রকার প্রচারণামুলক (পেইজবুক, ইউটিউব, পত্রিকায় লিফলেট বিতরণ ও মাইকিং) কার্যক্রমের ব্যবস্থা গ্রহন;

ঘ) মেলায় ভালো উদ্যোক্তা ও দৃষ্টিনন্দন বহুমুখী পাটপণ্য প্রদর্শনের লক্ষ্যে কমপক্ষে ০১ মাস পূর্বে মেলার স্থান ও তারিখ উদ্যোক্তাদের জানানো।

লিফলেট

মেলা সম্পর্কে প্রচারণার অংশ হিসেবে মেলার আগে থেকে নিচের লিফলেট বিভিন্ন স্থানে বিতরণ করা হয়ঃ



# দাওয়াত পত্র

**জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার (জেডিপিসি)**
**বস্ত্র ও পাট মন্ত্রণালয়**
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সুধী

বস্ত্র ও পাট মন্ত্রণালয়াধীন **'জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার'** (জেডিপিসি) এর উদ্যোগে আগামী ১২-১৭ ডিসেম্বর ২০২৪ পর্যন্ত জেডিপিসি প্রাঙ্গণ (১৪৫ মনিপুরী পাড়া, তেজগাঁও) ঢাকায় ০৬ (ছয়) দিনব্যাপী বহুমুখী পাটপণ্য মেলা আয়োজন করা হয়েছে।

উক্ত বহুমুখী পাটপণ্য মেলা আগামী ১২ ডিসেম্বর ২০২৪ তারিখ বৃহস্পতিবার বিকাল ০৩.০০ ঘটিকায় বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের **মাননীয় উপদেষ্টা জনাব শেখ বশিরউদ্দীন** প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে মেলার শুভ উদ্বোধনের সদয় সম্মতি জ্ঞাপন করেছেন।

অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের সম্মানিত সচিব **জনাব মোঃ আব্দুর রউফ**।

অনুষ্ঠানে আপনার সানুগ্রহ উপস্থিতি কামনা করছি।

**জিন্নাত আরা**
অতিরিক্ত সচিব
ও
নির্বাহী পরিচালক, জেডিপিসি



## বহমুখী পাটপণ্যের মেলা ও প্রদর্শনী সমাপনী এবং পুরস্কার বিতরণ অনুষ্ঠান

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বস্ত্র ও পাট মন্ত্রণালয়াধীন 'জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার' (জেডিপিসি)'র উদ্যোগে বাংলাদেশের ঐতিহ্যবাহী সোনালী আঁশের তৈরী বহমুখী পাটপণ্যের ০৬ দিনব্যাপী বিজয়ের মাস উপলক্ষে বহমুখী পাটপণ্যের একক মেলা ও প্রদর্শনী সমাপনী এবং পুরস্কার বিতরণ অনুষ্ঠান গত ১৭ ডিসেম্বর ২০২৪ সময়ে জেডিপিসি প্রাঙ্গণে অনুষ্ঠিত হয়। দেশের বিভিন্ন জেলা থেকে আগত ৩৩ জন বহমুখী পাটপণ্য উৎপাদনকারী উদ্যোক্তা পরিবেশবান্ধব নতুন নতুন ডিজাইন সমৃদ্ধ ও আকর্ষণীয় বহমুখী পাটপণ্য নিয়ে মেলায় অংশগ্রহণ করেন। এর মধ্য থেকে ০৩ টি প্রতিষ্ঠকে সেরা ষ্টল নির্বাচিত করে ১ম, ২য় ও ৩য় পুরস্কার দেয়া হয়। এছাড়া অংশগ্রহনকারী সকল উদ্যোক্তাকে প্রশংসা পত্র প্রদান করা হয় । বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (পাট) জনাব তসলিমা কানিজ নাহিদা প্রধান অতিথি হিসেবে মেলার সমাপনী এবং পুরস্কার বিতরণ করেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জেডিপিসি'র নির্বাহী পরিচালক (অতিরিক্ত সচিব) জনাব জিনাত আরা।




১ম পুরস্কার আর্টেক্স কো. এর পক্ষে জনাব মোঃ আহাসানুজ্জামান (তুর্য)






৩য় পুরস্কার ইকোনমিক মিউচুয়াল অর্গানাইজেশন (ইমো) নির্বাহী পরিচালক জনাব শিউলী রানী বিশ্বাস










প্রশংসা পত্র